

ইউনাইটেড ফোরাম অফ পি.এন.বি. ইউনিয়নস, পঃ বঙ্গ (এ.আই.বি.ইএ., এ.আই.বি.ও.সি., এন.সি.বি.ই., এ.আই.বি.ও.এ., বি.ই.এফ.আই., আই.এন.বি.ই.এফ., এন.ও.বি.ডব্লিউ.)

সকল কর্মীবন্ধুদের প্রতি

১৭.১১.২০০৭

সাথী সহকর্মীবৃন্দ --

শুভ দীপাবলীর হার্দিক অভিনন্দন জানাই। শারদোৎসবের প্রাক্কালে আমাদের ব্যাঙ্কের জোনাল ম্যানেজমেন্টের একতরফা, একগুঁয়ে, ঔদ্ধত্যপূর্ণ আচরণের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে আমরা সকলে মিলে জোনাল অফিসে সমবেত হয়েছিলাম। সময়ভাবে কোন সারকুলার করা যায়নি। মুখেমুখে সমবেত হওয়ার আহ্বান জনে জনে পৌঁছে গিয়েছিল। আশাতীতভাবে জোনাল অফিস চত্বর ছাপিয়ে গিয়েছিল উপস্থিত সহকর্মীদের সংখ্যা। আমরা আপুত হয়েছিলাম। অভিভূত হয়েছিলাম। আমরা অকুঠ সাধুবাদ জানাই সর্বস্তরের সহকর্মীবন্ধুদের। জোনাল অফিসে ক্যাশ ডিসপেনসিং মেশিনে টাকা ভর্তি করার বিষয়কে কেন্দ্র করে আই.বি.বি. শাখার হেড ক্যাশিয়ার ও সংশ্লিষ্ট অফিসারকে শোকজ করা তথা মর্জিমাফিক ঔদ্ধত্যপূর্ণ আচরণের বিরুদ্ধে প্রতিবাদ জানানোই ছিল সেই প্রতিবাদী সমাবেশের মুখ্য উদ্দেশ্য। তদুপরি, শাখায় শাখায় টেলার কর্মীবন্ধুগণ যথোচিত সফলতা তথা কুশলতার সঙ্গে দায়িত্ব পালন করে যাওয়া সত্ত্বেও লক্ষ লক্ষ টাকা ব্যয় করে তেরোটি এই ধরনের মেশিন ক্রয় করার যৌক্তিকতার প্রশ্নই আমরা তুলেছিলাম। দ্বিপাক্ষিক চুক্তি মোতাবেক যান্ত্রিকীকরণের অনুসারী থেকেই আমরা এই প্রশ্ন তুলেছিলাম। কারণ, আমাদের এতাবৎকালের অভিজ্ঞতায় রয়েছে লক্ষ লক্ষ টাকা ব্যয় করে অতীতে ব্যাঙ্ক ম্যানেজমেন্ট নানা ধরনের মেশিন ক্রয় করার পরে তা অব্যাহত অবস্থাতেই পড়ে থেকেছে। যথাযথ ব্যবহৃত হয়নি বা তার প্রয়োজন হয়নি। এতে তো অপচয় হয়েছে জাতীয় অর্থেরই। আমরা সেই প্রসঙ্গই ম্যানেজমেন্টের সামনে তুলে ধরেছিলাম। যথার্থ প্রয়োজনীয়তাকে মূল্য দিয়ে বাস্তবানুগভাবে যান্ত্রিকীকরণের প্রয়াসী হতে আমরা তাদের সবসময়ই বলে আসছিলাম।

পূজাবকাশের পর জোনাল কর্তৃপক্ষ পুনর্বীর আমাদের সাথে আলোচনার প্রস্তাব জানায়। পারস্পরিক আলোচনার প্রয়োজনীয়তাকে মূল্য দিয়েই আমরা জোনাল কর্তৃপক্ষের সাথে আলোচনায় অংশগ্রহণ করি। দীর্ঘ আলোচনার পর তারা জানান, কেন্দ্রীয় অফিসের প্রচলিত রকম চাপ তাদের উপর রয়েছে। মেশিন ক্রয় করা সত্ত্বেও তারা তেরোটি শাখার বদলে অন্ততপক্ষে পাঁচটি শাখায় (জোনাল অফিসসহ) উপরোক্ত মেশিন চালু করার সহমত চান। আমাদের মধ্যে আলোচনার নিরিখে আমরা সহমত জানাই। জোনাল অফিস বাদে বাকি চারটি শাখা নির্বাচন করার বিষয়ে তারা জানান, আমাদের নির্বাচিত শাখাতেই এই প্রক্রিয়া চালু করা হবে। ইতিমধ্যে এই আলোচনার নিরিখে জোনাল অফিসের প্রযুক্ত মেশিনে কাজ শুরু হয়েছে।

সাথী সহকর্মীবৃন্দ, আমরা যদিও আপাতভাবে জোনাল ম্যানেজমেন্টকে মাত্র পাঁচটি শাখায় (জোনাল অফিসসহ) এই মেশিন কার্যকরী করার প্রক্রিয়া সীমাবদ্ধ রাখতে বাধ্য করেছি, তথাপি আমাদের আশঙ্কা, কর্তৃপক্ষ আগামী দিনে এইধরনের প্রযুক্তিকরণে অগ্রসর হতে প্রয়াসী হবে। যেরকমভাবে, ইতিপূর্বে তারা একতরফাভাবে দুটি লাভজনক শাখার (নেতাজী সুভাষ রোড ও ক্লাইভ রো) সংযুক্তিকরণ করতে চেয়েছিল। যদিও, সাতদিনের অন্তর্বর্তীকালীন ব্যবধানে দুদিনব্যাপী দীর্ঘসময় আমাদের সঙ্গে আলোচনার পর পূর্বতন জেনারেল ম্যানেজারের নেতৃত্বে জোনাল ম্যানেজমেন্ট বাধ্য হন এই সিদ্ধান্ত আপাতভাবে মূলতুর্নী রাখতে। সেখানেও আপনারা যেভাবে সম্মিলিতভাবে আমাদের এই সংযুক্ত ফোরামের আহ্বানে সাড়া দিয়ে প্রতিবাদে সামিল ও সরব হয়েছিলেন তা প্রশংসনীয় এবং সবিশেষ উল্লেখের দাবী রাখে। আমরা উচ্চকণ্ঠে সাধুবাদ জানাই সেই মহতী সমাবেশকে।

আমাদের সংগ্রাম চুক্তিবদ্ধ প্রযুক্তির বিরুদ্ধে নয়। প্রযুক্তির বেহিসাবী, অবৈজ্ঞানিক, অপব্যবহারের বিরুদ্ধে। আগামী দিনেও উর্দ্ধতন কর্তৃপক্ষের এই ধরনের অপব্যবহার ও ঔদ্ধত্যপূর্ণ আচরণের বিরুদ্ধে প্রয়োজন অনুযায়ী আমরা অবশ্যই সামিল ও সরব হবো সম্মিলিত লয়েই।

শাখায় শাখায় সর্বস্তরের কর্মীবন্ধুদের মধ্যে পারস্পরিক সুসংহত ও সুদৃঢ় ঐক্য গড়ে তুলুন ও তাকে রক্ষা করুন। উর্দ্ধতন ম্যানেজমেন্টের বেহিসাবী কার্যকলাপের বিরুদ্ধে সতর্ক থাকুন।

ইউ.এফ.বি.ইউ. দীর্ঘজীবী হোক।

ইউনাইটেড ফোরাম অব পি.এন.বি. ইউনিয়নস দীর্ঘজীবী হোক।

সংগ্রামী অভিনন্দন সহ ---

আনন্দ
আহ্বায়ক